সংবাদ

তারিখ 14 MAY 2009
পৃষ্ঠা ... কলাম ...

বনফুল আদিবাসী গ্রীনহার্ট কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

# শিশু শিক্ষায় সরকার নানা পদক্ষেপ গ্রহণ করছে

বনফুল আদিবাসী গ্রীনহার্ট কলেজ পাহাড় এবং সমতল শিক্ষার্থীদের মধ্যে এক অনন্য সম্প্রীতি সৃষ্টি করেছে। শিক্ষা ক্ষেত্রে মানবিক বন্ধন সৃষ্টির যে প্রয়াস এ কলেজ তা দেখিয়েছে। এটা সত্যিই প্রশংসনীয়। আমি আশা করবো। বনফুল আদিবাসী গ্রীনহার্ট কলেজ শিক্ষায় সম্প্রীতির এই বন্ধন আরও এগিয়ে নিয়ে যাবে। গতকাল বনফুল আদিবাসী গ্রীনহার্ট কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপরোক্ত কথাগুলো বলেছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি। তিনি আরও বলেন- বর্তমান সরকার শিক্ষা ক্ষেত্রের সমস্যা সমাধানে সচেষ্ট। বিশেষত: শিশু শিক্ষা সরকার নানা পদক্ষেপ গ্রহণ করছে। বর্তমান সরকার আদিবাসীদের অধিকার রক্ষায় সচেতন। এ ব্যাপারে সরকার দৃঢ় চিত্তে কাজ করে যাচ্ছে। আশা করি আমরা সকলের সহায়তায় সফল হবো। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মি. দীপংকর তালুকদার এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের মাননীয় চেয়ারম্যান শ্রী জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা (সন্তু লারমা), পার্বত্য চট্টগ্রাম শরণার্থী বিষয়ক টাস্কফোর্সের মাননীয় চেয়ারম্যান মি. যতীন্দ্র লাল ত্রিপুরা এমপি, আলহাজ্ব কামাল আহমেদ মজুমদার এমপি, এ্যাডভোকেট প্রমোদ মানকিন এমপি। অনুষ্ঠানে সম্মানীত অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন- মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড (ঢাকা) এর চেয়ারম্যান প্রফেসর মো: শামসুল হক, বনফুল আদিবাসী গ্রীনহার্ট কলেজের উপদেষ্টা মি. মণিস্বপন দেওয়ান, ড. মানিক লাল দেওয়ান, ড. প্রদানেন্দু বিকাশ চাকমা, মি. কে.এস.মং এবং পার্বত্য বৌদ্ধ সংঘের সাধারণ সম্পাদক মি. জ্ঞান বিকাশ চাকমা প্রমুখ।



*আদিবাসী গ্রীনহার্ট কলেজের বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে শিশুদের পুরস্কার তুলে দিচ্ছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি -সংবাদ*

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন- বনফুল আদিবাসী গ্রীনহার্ট কলেজের প্রতিষ্ঠাতা ও নির্বাহী কমিটির সভাপতি ভে. প্রজ্ঞানন্দ মহাথেরো। শাহ বুলবুল